CENTRAL LIBRARY N.C.COLLEGE

**2023/FYUG/ODD/SEM/**
**BNGDSM-101T/115**

**FYUG Odd Semester Exam., 2023**
**( Held in 2024 )**

# BENGALI

**( 1st Semester )**

Course No. : BNGDSM-101T

[ বাংলা সাহিত্যের ইতিহাস (প্রাচীন ও মধ্যযুগ) ]

*পূর্ণমান* : ৭০
*উত্তীর্ণমান* : ২৮

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

## SECTION—A

প্রতিটি ইউনিট থেকে যে কোনো দুটি প্রশ্ন নিয়ে মোট দশটি প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

### UNIT—I

১। বাংলা সাহিত্যের ইতিহাসকে কয়টি যুগে ভাগ করা হয়েছে? 'চর্যাপদ' বাংলা সাহিত্যের কোন্ যুগের রচনা?

২। 'চর্যাপদ' কে আবিষ্কার করেন? এই কাব্যের একজন কবির নাম উল্লেখ করো।

৩। 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটির রচয়িতা কে? কত খ্রিস্টাব্দে কাব্যটি আবিষ্কৃত হয়?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



### UNIT—II

৪। 'ভাগবত'-এর অনুবাদক মালাধর বসুকে কোন্ উপাধি দেওয়া হয়েছিল? তাঁর নিবাস কোথায় ছিল?

৫। কৃত্তিবাস অনূদিত 'রামায়ণ' কাব্যটির নাম কী? কৃত্তিবাসকে 'এ বঙ্গের অলংকার' বলে কে অভিহিত করেছিলেন?

৬। কাশীরাম দাসের বাবার নাম কী? তিনি কোন্ গ্রামে জন্মগ্রহণ করেন?

### UNIT—III

৭। 'মনসামঙ্গলকাব্য-এর' কাব্যের আদি কবি কে? 'মনসামঙ্গল'-এর পূর্ববঙ্গ ধারার একজন কবির নাম উল্লেখ করো।

৮। 'চণ্ডীমঙ্গল' কাব্যধারার শ্রেষ্ঠ কবি কে? তাঁর উপাধি কী ছিল?

৯। ভারতচন্দ্র কোন্ রাজার সভাকবি ছিলেন? তিনি কোন্ শতকের কবি ছিলেন?

### UNIT—IV

১০। 'পূর্বরাগ' পর্যায়ের শ্রেষ্ঠ কবি কে? তাঁর জন্মস্থান কোথায়?

১১। বিদ্যাপতি কোন্ রাজার সভাকবি ছিলেন? তাঁর ভাবশিষ্যের নাম কী?

১২। বাংলায় রচিত শ্রেষ্ঠ চৈতন্য-জীবনীগ্রন্থ কোনটি? গ্রন্থটির রচয়িতা কে?





### UNIT—V

১৩। আলাওলের যে কোনো দুটি রচনার নাম উল্লেখ করো।

১৪। দৌলত কাজী রচিত কাব্যের নাম কী? এটি কার পৃষ্ঠপোষকতায় রচিত হয়েছিল?

১৫। শাক্তপদ সাহিত্যের দুজন কবির নাম উল্লেখ করো।

## SECTION—B

প্রতিটি ইউনিট থেকে **একটি** করে প্রশ্ন নিয়ে **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ১০×৫=৫০

### UNIT—I

১৬। প্রাচীন বাংলার একমাত্র নিদর্শন 'চর্যাপদ'-এর সাহিত্যিক মূল্য বিচার করো।

১৭। আদি-মধ্যযুগের কাহিনিকাব্য 'শ্রীকৃষ্ণকীর্তন'-এর গুরুত্ব উল্লেখ করে কাব্যকাহিনির সংক্ষিপ্ত পরিচয় দাও।

### UNIT—II

১৮। কৃত্তিবাসী 'রামায়ণ'-এর জনপ্রিয়তার কারণগুলি নির্দেশ করো।

১৯। 'মহাভারত'-এর শ্রেষ্ঠ অনুবাদক সম্পর্কে আলোচনা করো।

CENTRAL LIBRARY N.C.COLLEGE



## UNIT—III

২০। 'মনসামঙ্গল' কাব্যধারায় কবি বিজয়গুপ্তের কাব্যের বিশেষত্ব সংক্ষেপে আলোচনা করো।

২১। 'চণ্ডীমঙ্গল' কাব্যধারায় কবি মুকুন্দরাম চক্রবর্তীর কৃতিত্বের পরিচয় দাও।

## UNIT—IV

২২। বৃন্দাবন দাসের 'চৈতন্যভাগবত' সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

২৩। বৈষ্ণবপদ সাহিত্যধারায় কবি বিদ্যাপতির কবি-কৃতি আলোচনা করো।

## UNIT—V

২৪। দৌলত কাজীর কাব্য-প্রতিভা সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

২৫। শাক্তপদ সাহিত্যের কবি ও সাধক কমলাকান্ত ভট্টাচার্যের কবি-কৃতির পরিচয় দাও।

★ ★ ★